বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভার কার্যরিররণীঃ

সভাপতি	প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি
সভার তারিখ	০৬/০৩/২০২২ খ্রি.
সভার সময়	বিকাল ৪:০০ টা
স্থান	সভা কক্ষ (৬ষ্ঠ তলা), ইউজিসি ভবন, ঢাকা।
উপস্থিতি	পতাকা-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভায় সকলে উপস্থিত হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ফোকাল-পয়েন্ট এবং সিনিয়র সহকারী পরিচালক জনাব রবিউল ইসলামকে নির্দেশ প্রদান করেন।

সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী অগ্রগতি/করণীয় বিষয়ে সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদ্যসের **সম্মতিক্রমে** সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী ০১। কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী অবহিতকরণ এবং অনুমোদন।

সিদ্ধান্তঃ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ২৭/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী (**পতাকা-খ**, সংযুক্ত) **সর্বসম্মতভাবে নিশ্চিত** ও অনুমোদন করা হয় ।

আলোচ্যসূচী ০২। ইনোভেশন টিমের ২য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

আলোচনা:

সিদ্ধান্ত: ২। অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। প্রথম সভার **'চ'** সিদ্ধান্তে অনুযায়ী এপিএ চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ মোতাবেক ই-গভর্ন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নূন্যতম একটি বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন/বিদেশে অভিজ্ঞতা অর্জনের জন্য শিক্ষা ও অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি, কমিশনের ইনোভেশন টিমের সদস্য ও কমিশন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তাদের সমন্বয়ে সর্বোচ্চ ২৫ (পচিঁশ) সদস্যের একটি প্রতিনিধি দল সিঙ্গাপুর/থাইল্যান্ড এর পরিবর্তে রাশিয়া এর বিভিন্ন বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ ২০২২ সালের মার্চ মাসে

পরিদর্শন/অভিজ্ঞতা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অগ্রগতিঃ সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের আইসিসি শাখায় উক্ত সভার সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হয়েছে। আইসিসি শাখা কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত-৩: ক) ২০২১-২০২২ অর্থবছরে নিম্নোক্ত কমিশনের ৩(তিন)টি সেবাকে সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

ক্রমিক	**ধারণাসমূহ**
১)	পাবলিক বিশ্ববিদ্যালয়ের জনবল অনুমোদন
২)	পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিভাগ অনুমোদন
৩)	ইউজিসি প্রফেসরশিপ নির্বাচন

খ) ২০২১-২০২২ অর্থবছরে কমিশনের নিম্নোক্ত ০৪(চার)টি সেবা myGov প্লাটফর্মে **ডিজিটাইজ** করা হয়েছে:

ক্রমিক	**সেবা ডিজিটাইজেশনের ধারণাসমূহ**
১)	হেমিস (হায়ার এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম)
২)	প্রধানমন্ত্রী স্বর্ণপদক
৩)	ইউজিসি স্বর্ণপদক
৪)	প্রাইভেট ইউনিভার্সিটি একাডেমিক প্রোগ্রাম অনুমোদনের জন্য অনলাইনে আবেদন

গ) এছাড়া, ২০২১-২০২২ অর্থবছরে কমিশনের নিম্নোক্ত ০১(এক)টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ণের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	**উদ্ভাবনী ধারণাসমূহ**
১)	ই-অডিট মাসিক রিপোর্ট

অগ্রগতিঃ বর্ণিত সিদ্ধান্ত ৩(ক) ও (খ) বিষয়ে অফিস আদেশ জারি করা হয়েছে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে এবং কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সিদ্ধান্ত ৩(গ) এর বিষয়টি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সাথে সম্পর্কযুক্ত বিধায় উক্ত বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে কোন পত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্ত-৪:

জানুয়ারি' ২০২২ মাসের শেষ সপ্তাহে উত্তর-পশ্চিমাঞ্চলে ১১টি বিশ্ববিদ্যালয়ের ০৩ জন করে প্রতিনিধি (উপাচার্য/উপর্যুক্ত প্রতিনিধি, ইনোভেশন টিম প্রধান ও ইনোভেশন ফোকাল পয়েন্ট) ও আয়োজক বিশ্ববিদ্যালয়ের অনুষদের ডিন, রেজিস্ট্রারসহ সংশ্লিষ্ট পরিচালকগণ এবং কমিশনের ইনোভেশনের টিমের ০৩ জন সদস্যের সমন্বয়ের ৫৫ জন প্রতিনিধি নিয়ে '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক ৩য় কর্মশালাটি ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অগ্রগতিঃ কোভিড পরিস্থিতির অবনতির কারনে জানুয়ারি' ২০২২ মাসের পরিবর্তে ১৩ মার্চ ২০২২ তারিখে উত্তর-পশ্চিমাঞ্চলে ১১টি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণের সমন্বয়ে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক কর্মশালাটি ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এ অনুষ্ঠানের জন্য কমিশন কর্তৃপক্ষ সিদ্ধান্ত প্রদান করেছেন। সেমতে ১৩ মার্চ ২০২২ তারিখে উক্ত কর্মশালাটি আয়োজনের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত-৫: ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ কমিশন ভবনের সভাকক্ষে (৬ষ্ঠ তলা) কমিশনের প্রতিটি বিভাগ থেকে ২(দুই) জন করে প্রতিনিধি নিয়ে ১০x২=২০ জন এবং ইনোভেশন টিমের ৫ জনসহ মোট ২৫ (পচিঁশ) জন কর্মকর্তাকে নিয়ে ২য় প্রশিক্ষণ কর্মশালাটি কমিশন ভবনে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

অগ্রগতিঃ কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ২য় প্রশিক্ষণটি ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ আয়োজন করা হয়েছে।

সিদ্ধান্তঃ ২৭/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত কমিশনের ইনোভেশন টিমের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। উক্ত সভার ৩(গ) সিদ্ধান্তের বিষয়টি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অংশ বাদ দিয়ে শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ও কমিশনের অংশ বাস্তবায়নের লক্ষ্যে কমিশনের স্পেসিফিকেশন, প্রাক্কলন ও শিডিউল প্রস্তুত সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী ০৩। কমিশনের বেসরকারী বিশ্ববিদ্যালয় বিভাগ থেকে প্রাপ্ত বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা বিষয়ে পর্যালোচনা।

সিদ্ধান্তঃ কমিশনের বেসরকারী বিশ্ববিদ্যালয় বিভাগ কর্তৃক নিম্নোক্ত শিরোনামে উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়িত হওয়ায় অফিস আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয় (পতাকা-গ, সংযুক্ত):

ক্রমিক	উদ্ভাবনের শিরোনাম	অর্থবছর
১)	বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইউনিক পরিচিতি নম্বর	২০২১-২০২২

আলোচ্যসূচী ০৪। কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ৩য় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা।

সিদ্ধান্তঃ কমিশনের ২৫ (পচিঁশ) জন কর্মকর্তাকে নিয়ে ২০-২১ মার্চ ২০২২ তারিখ ২দিন ব্যাপি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ৩য় প্রশিক্ষণটি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী ০৫। বিবিধ।

সিদ্ধান্তঃ কমিশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ থেকে প্রাপ্ত **"বিশ্ববিদ্যালয়ের প্রকল্পসমূহের পর্যবেক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত তথ্য ভান্ডার তৈরী"** শিরোনামে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাটি উপস্থাপন ও আলোচনা করা হয় এবং তা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: পতাকা-ক, পতাকা-খ ও পতাকা-গ ।

প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২১.১৪ তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২) উপ-পরিচালক/ সিস্টেম এনালিস্ট, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সে আপলোডের অনুরোধ করা হলো)

৩) উপ-পরিচালক (পর্যবেক্ষণ, মূল্যায়ন ও রিপোর্টিং) , পর্যবেক্ষণ, মূল্যায়ন ও রিপোর্টিং শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (সিদ্ধান্ত-৫ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৪) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৫) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৭) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৮) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৯) নথি, ইউজিসি

১০) মহানথি, ইউজিসি

রবিউল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)